



জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন,
নিউ ইয়র্ক
Permanent Mission of Bangladesh to the
United Nations, New York



প্রেস রিলিজ

ন্যাশনাল ডিফেন্স কলেজের প্রশিক্ষার্থীদের জাতিসংঘ সদরদপ্তর ও জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন পরিদর্শন

নিউইয়র্ক, ০৭ অক্টোবর ২০২২:

ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি) কমান্ড্যান্ট লেফটেন্যান্ট জেনারেল মোঃ আকবর হোসেন এর নেতৃত্বে কলেজটির ২৯ সদস্যের একটি প্রতিনিধিদল আজ জাতিসংঘ সদরদপ্তর ও জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন পরিদর্শন করেন। ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০২২ এর অংশ হিসেবে “ওভারসিজ স্টাডি ট্যুর-২” এর আওতায় এই পরিদর্শন অনুষ্ঠিত হয়। প্রতিনিধিদলের মধ্যে রয়েছেন বাংলাদেশের সশস্ত্র বাহিনী ও বাংলাদেশ সিভিল সার্ভিসের উর্দ্ধতন কর্মকর্তাসহ নাইজেরিয়া, শ্রীলঙ্কা ও যুক্তরাজ্যের সামরিক বাহিনীর উর্দ্ধতন কর্মকর্তাগণ।

সকালে জাতিসংঘ সদরদপ্তরে প্রতিনিধিদলকে ব্রিফ করেন জাতিসংঘের ডেপুটি মিলিটারি অ্যাডভাইজার মেজর জেনারেল মাউরিন ও ব্রায়েন (Maureen O'Brien)। ব্রিফিং-এ তিনি মাঠ পর্যায় ও সদরদপ্তরে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের নানা দিক তুলে ধরেন।

ব্রিফিং শেষে জাতিসংঘ সদরদপ্তরে জাতিসংঘের মিলিটারি অ্যাডভাইজার জেনারেল বিরামে ডিঅপ (Birame Diop) এর সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেন এনডিসি কমান্ড্যান্ট লেফট্যানেন্ট জেনারেল মোঃ আকবর হোসেন। বৈঠকে জাতিসংঘ শান্তিরক্ষী কার্যক্রম ও বাংলাদেশ ন্যাশনাল ডিফেন্স কলেজ এর মধ্যকার প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশ থেকে যাতে আরও অধিক শান্তিরক্ষী নেওয়া হয় সে বিষয়েও অনুরোধ জানান এনডিসি কমান্ড্যান্ট। জাতিসংঘের মিলিটারি অ্যাডভাইজার মধ্য আফ্রিকান প্রজাতন্ত্রে নিয়োজিত জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রম মিনুসকা (MINUSCA)-তে কর্তব্যরত অবস্থায় তিনজন বাংলাদেশী শান্তিরক্ষী নিহত হওয়ার ঘটনায় গভীর শোক ও নিন্দা প্রকাশ করেন। বাংলাদেশী শান্তিরক্ষীদের দক্ষতা ও কর্তব্যপরায়নতার ভূয়সী প্রশংসা করেন তিনি।

দুপুরে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন পরিদর্শনে আসেন এনডিসি প্রতিনিধিদল। স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত অনাড়ম্বর অনুষ্ঠানে প্রতিনিধিদলকে স্বাগত জানান জাতিসংঘ নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মুহাম্মদ আব্দুল মুহিত। তিনি স্থায়ী মিশনের বিভিন্ন কার্যক্রম এবং জাতিসংঘে বাংলাদেশের অংশগ্রহণের নানা দিক বিশেষ করে শান্তিরক্ষা ও শান্তিবিনির্মাণ, রোহিঙ্গা সঙ্কট, স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ, জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেকসই উন্নয়ন লক্ষ্য বাস্তবায়ন, কোভিড-১৯ পরবর্তী বিশ্ব ব্যবস্থা ও সাম্প্রতিক বৈশ্বিক পরিস্থিতি ইত্যাদি বিষয়ে বাংলাদেশের উল্লেখযোগ্য ভূমিকার কথা তুলে ধরেন।

এনডিসি প্রতিনিধিদলের সফর উপলক্ষে স্থায়ী মিশন আয়োজিত এ অনুষ্ঠানে সমাপনী বক্তব্য রাখেন প্রতিনিধিদলের প্রধান এনডিসি কমান্ড্যান্ট লেফটেন্যান্ট জেনারেল আকবর। শান্তিরক্ষাসহ জাতিসংঘের বিভিন্ন কার্যক্রমে নিবিড় ও ফলপ্রসূ অংশগ্রহণের জন্য রাষ্ট্রদূতসহ স্থায়ী মিশনের সকল সদস্যকে ধন্যবাদ জানান তিনি। পরিদর্শনের জন্য বাংলাদেশ মিশনকে নির্বাচিত করায় এনডিসি কমান্ড্যান্টসহ এনডিসি'র প্রতিনিধিদলকেও ধন্যবাদ জানান স্থায়ী প্রতিনিধি।

ব্রিফিং অনুষ্ঠানে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের অংশগ্রহণ ও সফলতার নানা দিক তুলে ধরেন মিশনের ডিফেন্স অ্যাডভাইজার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাদেকুজ্জামান।
